

জনসেবা ও কূটনীতির ক্ষেত্রে বিশেষ অবদান রাখা এশিয়ার নোবেল প্রাইজখ্যাত ফিলিপাইনের গুসি শান্তি পুরস্কার পেয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। এ বছর বাংলাদেশ থেকে দীপু মনিসহ অস্ট্রেলিয়া, ব্রাজিল, চীন, ভারত, ইতালি, জাপান, লিথুয়ানিয়া, মালয়েশিয়া, মিয়ানমার, নরওয়ে, সৌদি আরব, স্পেন ও ফিলিপাইনের ১৪ জনকে এ পুরস্কার দেওয়া হয়েছে।

সম্প্রতি ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় ফিলিপেন গ্রান্ড হলরুমে এ পুরস্কার গ্রহণ করেন শিক্ষামন্ত্রী। বিশ্ব শান্তি ও অগ্রগতিতে যারা অবদান রাখেন তাদের জন্য প্রতিবছর গুসি পিস প্রাইজ ফাউন্ডেশন এই পুরস্কার দিয়ে থাকে। এই পুরস্কার বিতরণী অনুষ্ঠান প্রতিবছর নভেম্বরের চতুর্থ বুধবার গুসি পিস পুরস্কার আন্তর্জাতিক বন্ধুত্ব দিবসে অনুষ্ঠিত হয়। এ বছর ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় এ পুরস্কার বিতরণ করা হয়।

advertisement

ডা. দীপু মনি ২০১৯ সালের জানুয়ারি থেকে বাংলাদেশের শিক্ষামন্ত্রীর দায়িত্ব পালন করছেন। তিনি ২০০৯ সালে চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য নির্বাচিত হন। এরপর ২০১৪ ও ২০১৮ সালে একই আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। তিনি ২০০৯ থেকে ২০১৩ সাল পর্যন্ত বাংলাদেশের প্রথম নারী পররাষ্ট্রমন্ত্রী ছিলেন।